



Aalo

Imparting knowledge, empowering lives...

Regd. No. : 06231 of 2011 Serial No.: 09529 of 2011

Govt. of West Bengal

Ref no:

Date: 01/01/2020

প্রিয় বন্ধু,

প্রথমেই আমাদের 'আলো'র তরফ থেকে রইল অন্তরের অন্তস্থল থেকে অসীম কৃতজ্ঞতা ও নববর্ষের হার্দিক শুভেচ্ছা। অত্যন্ত আনন্দের সঙ্গে জানাই ২০২০ সালের ১২ই জানুয়ারী আমাদের আলো দশ বছরে পদার্পণ করতে চলেছে। এই শুভক্ষণের আনুষ্ঠানিক সূচনায় আপনাদের/তোমাদের/তোদের পাশে পাবো এই আবদার রাখলাম।

২০০৭ সালে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আবাসিক মহাবিদ্যালয় থেকে সাম্মানিক স্নাতকের কিছু বন্ধুদের উদ্যোগে শুরু হয়েছিল পথ চলা। ধীরে ধীরে আলোর সঙ্গে যুক্ত হয়েছিল যাদবপুর বিশ্ববিদ্যালয়, এনসিএল পুণে, আইএসিএস, আইএসআই কলকাতা, আইজার কলকাতাসহ একাধিক প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও গবেষক বন্ধুগণ। সেই প্রয়াসের আনুষ্ঠানিক সূচনা হয়েছিল ২০১১। প্রাণে আলোকশিখা জ্বালাতে স্বামীজীর 'ব্রহ্মতেজ' ও 'ক্ষাত্রবীর্যে'র আহ্বানের সঙ্গে সমানভাবে ছিল নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আবাসিক মহাবিদ্যালয়ের তৎকালীন অধ্যক্ষ স্বামী সুপর্ণানন্দজী মহারাজের অকৃত্রিম স্নেহ ও ভালোবাসা। সেই প্রয়াসে সঞ্জিবনী শক্তি প্রদান করেছিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বর্তমান সহ-উপাচার্য মাননীয় শ্রী প্রদীপ কুমার ঘোষ মহাশয়।

প্রাথমিকভাবে হাওড়া ও হুগলীর সাত জন ছাত্রছাত্রী নিয়ে পথ চলা শুরু হয়েছিল। সমাজে নিজেদের অস্তিত্বকে একটু অন্যভাবে জানান দিতে চেষ্টা করেছিলাম। দশম শ্রেণী উত্তীর্ণ সমগ্র পশ্চিমবঙ্গের আর্থিক ও সামাজিকভাবে পিছিয়ে থাকা ছাত্রছাত্রীদের আলো মাসিক ৬০০/- টাকা (সামগ্রিক ১৪৪০০/-টাকা) বৃত্তি প্রদান ও পড়াশোনা সংক্রান্ত পরামর্শ দানের মাধ্যমে সম্পূর্ণ তদারকির দায়ত্ব পালন করে আসছে। সামাজিক দায়বদ্ধতার কথা স্মরণ করে আলো প্রথম থেকেই ছাত্রীদের অগ্রাধিকার দিয়ে আসছে।

২০১১ সালে সাতজন নিয়ে শুরু হলেও দশ বছরে সেই সংখ্যা নিঃশব্দে ১৫২তে পৌঁছে গেল। যাদের অনেকেই বর্তমানে কলকাতাসহ রাজ্যের একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চশিক্ষা গ্রহণ করছে। আবার অনেকে উপযুক্ত কর্মসংস্থান লাভ করে সম্মানের সঙ্গে জীবন অতিবাহিত করছে। তাঁদের মধ্যেই অনেকেই শারীরিক, বৌদ্ধিক ও আর্থিকভাবে আলোর পাশে দাঁড়িয়েছে। শুরুতে ৫০০/- টাকা বৃত্তি প্রদান করলেও সময়ের সঙ্গে সঙ্গতি রেখে কিছুটা বৃদ্ধি করা হয়েছে। গত দশ বছরে বৃত্তি ও আনুসঙ্গিক খরচ বাবদ প্রায় ১৫ লক্ষাধিক টাকা ব্যয় করা হয়েছে এবং আগামী অর্থবর্ষে আরও ৪ লক্ষ টাকার ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে। এই বিপুল ব্যয়ভার বহনে আলো কৃতজ্ঞ সকল শুভাকাঙ্ক্ষীদের কাছে। আলোর বৃত্তি ও তদারকিতে ২০১৯ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষায় অর্পিতা ৪৮৩ (৯৫.৬%) নম্বর পেয়ে রাজ্যে দ্বাদশ স্থান লাভ করেছে। ২০১৯ সালে ১৯জন ছাত্রছাত্রীর মধ্যে ১০ জন ৯০% অধিক নম্বার পেয়েছে।

আগামী ২০২০ সালের ১২ই জানুয়ারী যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিবেকানন্দ প্রেক্ষাগৃহে আলোর দশমবর্ষীয় কর্মযজ্ঞের সূচনায় উপস্থিত থাকবেন স্বামী সুপর্ণানন্দজী মহারাজ (সাধারণ সম্পাদক, গোলপার্ক রামকৃষ্ণ মিশন) শ্রীযুক্ত জহর সরকার (প্রাক্তন

অধিকর্তা, প্রসার ভারতী) অধ্যাপক **সুরঞ্জন দাস** (উপচার্য, যাদবপুর বিশ্ববিদ্যালয়), অধ্যাপক **প্রদীপ কুমার ঘোষ** (সহ উপচার্য, যাদবপুর বিশ্ববিদ্যালয়) **শ্রী বরণ চন্দ** (বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব ও অভিনেতা), ডাক্তার **কুনাল সরকার** (বিশিষ্ট চিকিৎসক, মেডিকা সুপার স্পেশ্যালিটি হসপিটাল), **শ্রী অচিন্ত্যম চ্যাটার্জী** (প্রাক্তন অধ্যাপক, রামকৃষ্ণ মিশন আবাসিক মহাবিদ্যালয়), **অধ্যাপক বিজন সরকারসহ** (অধ্যাপক, যাদবপুর বিশ্ববিদ্যালয়) বিশিষ্ট ব্যক্তিবর্গ। আমাদের কাজকে এগিয়ে নিয়ে যেতে উক্ত দিনে সবাঙ্কবে ও সপরিবারে উপস্থিত হলে আমরা কৃতজ্ঞ থাকব।

প্রণাম ও কৃতজ্ঞতা

আলো পরিবার

✉: 81 Indra Biswas Road
Kolkata- 700037, WB
Website: www.aalo.org.in
@: aalo.rkmrcn@gmail.com

☎ 9830628162
☎ 9836867161
☎ 9038086338